

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.imed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪ (মতামত-৪).১৮- ১৯১

তারিখঃ ২০ চৈত্র ১৪২৫
০৩ এপ্রিল ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৬৮৬৭/২০১৬ (আপীল নং-২৫৮৯/২০১৮) মামলার গত ০৯.০২.২০১৭ খ্রি. তারিখের রায়ের আলোকে বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্রঃ রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, রাজিবপুর, কুড়িগ্রাম এর ট্রেড ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং) যথাক্রমে জনাব মোঃ আমিনুল ইসলাম ও জনাব মোঃ সোহরাওয়ার্দী হোসেন কর্তৃক ০৭.০৩.১৯ খ্রি. তারিখের অবদান।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের ট্রেড ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং) যথাক্রমে জনাব মোঃ আমিনুল ইসলাম ও জনাব মোঃ সোহরাওয়ার্দী হোসেন কর্তৃক গত ০১.০১.২০১৫ খ্রি. তারিখে উক্ত প্রতিষ্ঠানে যোগদান করা হয়। পরবর্তীতে তাঁরা (মোঃ আমিনুল ইসলাম ও জনাব মোঃ সোহরাওয়ার্দী হোসেন) ইনডেন্স নম্বর যথাক্রমে ১৬১০৩০৬৪ এবং ১৬১০৩০৬৫ এর মাধ্যমে মার্চ/২০১৬ মাসে এমপিওভুক্ত হন।

০২। অতঃপর কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ২১.০৪.২০১৬ খ্রি. তারিখের ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৫.২১৪ সংখ্যক স্মারকমূলের মাধ্যমে এপ্রিল/২০১৬ মাসে এমপিও স্থগিত করা হয়।

০৩। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের বর্গিত ট্রেড ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং) দ্বয় কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮৬৭/২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় ০৯.০২.২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ নিম্নরূপঃ

The impugned decision of the respondents stopping salary (MPO) of the petitioner is hereby declared to have been passed without lawful authority and as such of no legal effect.

The respondent No. 4 Director (PIEU), Directorate of Technical Education Board, Sher-E-Bangla Nagar, Dhaka is hereby directed to release government portion of salary, Monthly Pay Order (MPO) of the petitioner with effect from April/2016 along with festival bonuses, if any within 1 (one) month on receipt of this judgment and order without any fail.

এছাড়া রায়ের ৪নং পাতায় উল্লেখ আছে যে, The Rule is not opposed by filing any affidavit-in-opposition.

০৪। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-২৫৮৯/২০১৮ দায়ের করা হয়। উক্ত আপীল মামলায় ২৭.০১.১৯ খ্রি. তারিখের রায় নিম্নরূপঃ

The leave petition is out of time by 197 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation.

০৫। যেহেতু রিট মামলার রায়ের বিরুদ্ধে দায়েরকৃত লীভ টু আপীল মামলাটি গত ০২.১২.১৮ খ্রি. তারিখে খারিজ হয়ে গেছে অর্থাৎ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশটি বহাল রয়েছে। সেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগের রায় বাস্তবায়ন ব্যতীত অন্য কোনরূপ আইনগত প্রতিকার পাওয়ার সুযোগ নেই মর্মে প্রতীয়মান হয়।

০৬। যেহেতু মহামান্য হাইকোর্টের ০৯.০২.২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষককে এপ্রিল/২০১৬ হতে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-২৫৮৯/২০১৮ মামলাটি খারিজ হয়ে গেছে, সেহেতু এপ্রিল/২০১৬ হতে বকেয়া বেতন ভাতাসহ এমপিও চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৭। এমতাবস্থায়,

ক. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৯.০২.২০১৭ খ্রি. তারিখের প্রদত্ত রায়/আদেশের আলোকে (মহামান্য আপীল বিভাগে দায়েরকৃত লীভ টু আপীল নং-২৫৮৯/১৮ খারিজ হওয়ায়) রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের ট্রেড ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং) যথাক্রমে জনাব মোঃ আমিনুল ইসলাম (ইনডেন্স নং-১৬১০৩০৬৪) ও জনাব মোঃ সোহরাওয়ার্দী হোসেন (ইনডেন্স নং-১৬১০৩০৬৫) এর অনুকূলে এপ্রিল/২০১৬ হতে বকেয়া বেতন ভাতাসহ এমপিও চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২৩/০৪/২০১৯ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

খ. রিট মামলা নং-৬৮৬৭/২০১৬ মামলায় যথাযথভাবে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা না করার কারণ এবং যথাসময়ে (৩০ দিনের পূর্বে) CP দায়ের না করে ১৯৭ দিন পর CP দায়ের করার কারণ জানানোর জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আঃ খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।

৭। প্রধান শিক্ষক, রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, রাজিবপুর, কুড়িগ্রাম।

৮। জনাব মোঃ আমিনুল ইসলাম, ট্রেড ইনস্ট্রাক্টর (পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং), রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, রাজিবপুর, কুড়িগ্রাম।

৯। অফিস কপি/মাস্টার কপি।